# 198784 - সাবস্ক্রাইব ফি প্রদান করার শর্তে এডভারটাইজিং ওয়েবসাইট থেকে অর্থ উপার্জন

## প্রশ্ন

নিউবাক্স (Neobux) কোম্পানির মত এডভারটাইজিং ওয়েবসাইটগুলো থেকে উপার্জন করার হুকুম কী; যেখানে অগ্রিম অর্থ প্রদান করা শর্ত?। অর্থাৎ এখানে আপনি প্রথমে ৫০০ ডলার দিয়ে এক বছরের জন্য সাবস্ক্রাইব করবেন। প্রতি সপ্তাহে আপনার কাছে দেখার জন্য কিছু এড আসবে। এক বছরের তথা তের মাসের জন্য প্রতি সপ্তাহে আপনাকে পঞ্চাশ ডলার করে দেওয়া হবে। এমন লেনদেনের বিধান কী?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি সাবস্ক্রাইব ফি প্রদান করা ছাড়া এই ওয়েবসাইটগুলোর সাথে লেনদেন করা না যায়, তাহলে এগুলোর সাথে লেনদেন করা হারাম। কারণ এটি অর্থ প্রদান করে জুয়া খেলার আওতায় পড়ে এবং চুক্তির মধ্যে সুদী লেনদেন নিহিত রয়েছে।

ড. সামী আস-সুয়াইলিম হাফিযাহুল্লাহুকে প্রশ্নকর্তার প্রশ্নের কাছাকাছি একটি প্রশ্ন করা হয়েছিল, তিনি উত্তর দেন:

“দরূদ ও সালাম আল্লাহর রাসূলের উপর, অতঃপর:

উল্লিখিত ওয়েবসাইটগুলো তাদের উপস্থাপিত এডগুলো ব্রাউজ করার বিনিময়ে কমিশন প্রদান করে। এই কমিশন দুই ধরনের:

১. শুধু এড দেখার বিনিময়ে। কোনো ধরনের সাবস্ক্রিপশন ফি বা মূল্য পরিশোধ ছাড়া। এ ধরনের কমিশনে কোনো সমস্যা নেই; ইনশাআল্লাহ। শর্ত হলো এডগুলো শরয়ি নিষিদ্ধোজ্ঞা মুক্ত হওয়া এবং হারাম ও মন্দ কোনো কিছুর প্রচার এতে অন্তর্ভুক্ত না হওয়া।

২. আরেক প্রকার হলো অফেরতযোগ্য সাবস্ক্রিপশন ফি-এর বিনিময়ে এবং এর সাথে এডগুলো ব্রাউজিং-এর বিনিময়ে। এ কমিশনের পরিমাণ সাবস্ক্রিপশনের অংকের সাথে সামঞ্জস্যপূর্ণ। সাবস্ক্রিপশন ফি এর পরিমাণ যত বড় কমিশনের পরিমাণও তত বেশি; একটি নির্দিষ্ট সীমা পর্যন্ত। এ ফি-গুলোর একটি অংশ ওয়েবসাইট পরিচালনাকারী সংস্থার খরচ বহন করার কাজে ব্যবহৃত করা হয়। অবশিষ্ট অংশ কমিশন হিসেবে বাকি সাবস্ক্রাইবারদের মাঝে বণ্টন করা হয়।

স্পষ্টত এ প্রকারের কমিশনে অর্থের বিনিময়ে অর্থ প্রদান বিদ্যমান। সাবস্ক্রাইবার অর্থ প্রদান করে, আর এই অর্থের মাধ্যমে অন্যরা তাদের কমিশন পায়। এর বিপরীতটাও ঘটে। বিজ্ঞাপন বিক্রি বা অনুরূপ বিষয় থেকে উপার্জিত অর্থ সাবস্ক্রাইবারদের প্রদত্ত অর্থের তুলনায় কম। অধিকাংশ অর্থ সাবস্ক্রাইব থেকে আসে। এর থেকেই কমিশন প্রদান করা হয়। এই প্রকারের অন্তর্ভুক্ত হয়ে যায় নগদ অর্থের বিনিময়ে নগদ অর্থের লেনদেন, তবে বেশি প্রদান ও বিলম্বে প্রদান সহকারে। অধিকন্তু এতে থাকে অনিশ্চয়তা ও সাবস্ক্রিপশনের সাথে সম্পৃক্ত অজ্ঞতা। সুতরাং এতে রয়েছে সুদ ও জুয়া।”[আনাল মুসলিম ওয়েবসাইট থেকে সমাপ্ত]

আল্লাহ সর্বজ্ঞ।